**"নকলকে না বলি, দিন বদলে দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"**

**সংশোধিত-১**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## ২০২২ সালের এসএসসি পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং : মাধ্য/পনি/বিজ্ঞপ্তি/৬৩/৮১ তারিখ : ০৫-০৪-২০২২ খ্রি.

এতদ্দ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর অধীন অনুমোদিত সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ডের অধীনে ২০২২ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ পরীক্ষার্থী নির্বাচন (e-ES), প্রয়োজনীয় ফিস জমা দেয়ার তারিখ, ফিসের হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | ১. রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য ২০২০ সালের পরীক্ষার্থীগণের ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে।<br>২. রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৩ (তিন) বিষয়ে অকৃতকার্য/ ০১ (এক) থেকে ০২ (দুই) বিষয়ে অনুপস্থিত ২০২১ সালের পরীক্ষার্থীগণের ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে বা সকল বিষয়ে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে।<br>৩. জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ ০৩ (তিন) বিষয়ে অনুপস্থিত ২০২১ সালের পরীক্ষার্থীগণের ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় সকল বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদন করার শেষ সময়: | ১০-০৪-২০২২ |
| ২. | এবছর নির্বাচনী পরীক্ষার পরিবর্তে প্রস্তুতিমূলক পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রস্তুতিমূলক পরীক্ষা শুরুর তারিখ: | ১৯-০৫-২০২২ |
| ৩. | ২০১৭-২০১৮ সেশনের রেজি:ধারী পরীক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল পরীক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। **"নবায়নের শেষ তারিখ"** | **ফরমপূরণের পূর্ব পর্যন্ত** |
| ৪. | যশোর বোর্ডের ওয়েব সাইটে Institute Panel (institute.jessoreboard.gov.bd) এ তালিকা প্রদর্শন | ১২-০৪-২০২২ |
| ৫. | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন এবং "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার শেষ তারিখ :<br>উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় বিদ্যালয় প্রধানকেই বহন করতে হবে।<br>(খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। প্রয়োজনে চাহিবামাত্র তা বোর্ডে জমা দিতে হবে। | ১৩-০৪-২০২২ থেকে ২৫-০৪-২০২২ |
| ৬. | **যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইটের** (www.jessoreboard.gov.bd) "Our Services" **থেকে** "Institute Panel" **বাটনে ক্লিক করে অথবা** institute.jessoreboard.gov.bd **ভিজিট করে শিক্ষা প্রতিষ্ঠানের** EIIN **ও** Password **দিয়ে লগইন করতে হবে। এরপর শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা** (probable list) **থেকে পরীক্ষার্থী নির্বাচন করে** "Payment Slip" **বাটনে ক্লিক করে** "Sonali Payment Getway" **এর মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা হওয়ার পর অবশ্যই** "Final Submit" **বাটনে ক্লিক করে ফরমপূরণ সম্পূর্ণ করতে হবে।** "Final Submit" **বাটনে ক্লিক না করেলে ফরমপূরণ সম্পন্ন হবে না।** | |

পরীক্ষার মাধ্যম :

২। বাংলা/ ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে । কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে **১০-০৪-২০২২ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।** অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন। **উল্লেখ্য ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান আবেদন জমা দিয়েছে তাদের আর আবেদন করার প্রয়োজন নাই।**

ছক

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

অপর পাতায়-

৩। (ক) ফি এর হার :

| পরীক্ষার্থীর ধরন | পরীক্ষার ফি (পত্র প্রতি) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) | অনুমতি ও তালিকাভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) | বয় স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) | রেজিস্ট্রেশন নবায়ন ফি (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের রেজি:ধারী জন্য প্রযোজ্য) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি ( শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | × | × | ১৫.০০ | ৫.০০ | ৩০০.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | ১০০.০০ | × | ১৫.০০ | ৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | × | ১০০.০০ | × | ১৫.০০ | ৫.০০ | | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | × | ১০০.০০ | ১৫.০০ | ৫.০০ | | |

(খ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে) :

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৩৫০.০০ (তিন শত পঞ্চাশ) টাকা।

(২) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চার শত) টাকা ।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি ( অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/-(দশ) টাকা।

**ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।**

(৪) কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

(গ) পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি:

| বিজ্ঞান বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) | | ব্যবসায় শিক্ষা বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) | | মানবিক বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ) | |
|---|---|---|---|---|---|
| ১। বোর্ড ফি- | ১১৭৫.০০ টাকা | ১। বোর্ড ফি- | ১০৮৫.০০ টাকা | ১। বোর্ড ফি- | ১০৮৫.০০ টাকা |
| ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৪৪০.০০ টাকা | ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৪১০.০০ টাকা | ২। কেন্দ্র ফি (ব্যবহারিক ফিসহ) | ৪১০.০০ টাকা |
| | **১৬১৫.০০ টাকা** | | **১৪৯৫.০০ টাকা** | | **১৪৯৫.০০ টাকা** |

(ঘ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর-২০২১ পর্যন্ত পরিশোধ করতে হবে। **কোন শিক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন নেয়া যাবে না।**

৪। নিয়মিত পরীক্ষার্থী :

২০২০-২০২১ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৫। অনিয়মিত পরীক্ষার্থী :

(ক) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ সেশনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২০ এবং ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :

২০১৭-২০১৮ সেশনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল পরীক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। ২০২২ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএ-র সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

**(গ) রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে। সে কারণে নবায়ন এর জন্য পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না। বিগত বছরের ন্যায় রেজিস্ট্রেশন কার্ডে বোর্ড থেকে নবায়ন সিল দেয়ার প্রয়োজন নেই।**

অপর পাতায়-

৬। জিপিএ উন্নয়ন :

কেবল ২০২১ সালের এসএসসি পরীক্ষায় নৈর্বাচনিক সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২২ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২২ সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে।

৭। বহিস্কৃত পরীক্ষার্থী :

বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮। চতুর্থ বিষয়ের সুবিধা :

২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সেশনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০২০ ও ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০২২ সালে পরীক্ষা দিলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সেশনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থী যারা ২০২০ ও ২০২১ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০২২ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

**৯। পাঠ্যসূচিঃ**

**(ক) ২০২২ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) পরীক্ষায় অংশগ্রহণ করবে।**

**(খ) সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীর ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।**

১০। মাধ্যমিক পরীক্ষায় কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মাধব চন্দ্র রুদ্র
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০৪২১-৬৮৬৬৬
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
এ বোর্ডের অধীন মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়সমূহ

স্মারক নং : মাধ্য/পনি/বিজ্ঞপ্তি/৬৩/৮১ তারিখ : ০৫-০৪-২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।
৬। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর।
৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৮। পুলিশ সুপার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, যশোর শিক্ষা বোর্ড কম্পিউটার সেল, যশোর।
১০। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
১১। এ বোর্ডের অধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
১২। এ বোর্ডের অধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১৩। এ বোর্ডের অধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব এবং মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যলয়ের প্রধান শিক্ষক /অধ্যক্ষ।
১৪। এ বোর্ডের সকল কর্মকর্তা/সেকশন অফিসার।

(মোঃ ফজলুর রহমান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
মোবাইল ফোন নং : ০১৭১৫-৩০৯৪৯০